

## **ার্যা** নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশঃ (২১৭) আবু বকর, উমার এবং উছামান (রাঃ)এর পর আলী (রাঃ)এর খেলাফতের দলীল কী?

উত্তরঃ তিন খলীফার পর আলী (রাঃ) খেলাফতের অধিক হকদার। এব্যাপারেও অনেক দলীল রয়েছে। কতিপয় দলীল আমরা পূর্বে উল্লেখ করেছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আম্মার বিন ইয়াসির (রাঃ)এর ব্যাপারে বলেনঃ

"আম্মারের জন্য সুখবর! বিদ্রোহী দল তাঁকে হত্যা করবে। তিনি তাদেরকে জান্নাতের দিকে ডাকবেন আর তারা তাঁকে জাহান্নামের দিকে ডাকবে"।[1] আম্মার আলী (রাঃ)এর সাথে ছিলেন। সিরিয়া তথা মুআবীয়ার সৈনিকরা তাঁকে হত্যা করে। তিনি সুন্নাত, জামাআত এবং ইমামে হক তথা আলী (রাঃ)এর আনুগত্যের দিকে আহবান করছিলেন। অন্য এক বর্ণনায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

"মুসলমানদের দলাদলি ও মতবিরোধের সময় এক দল লোক মুসলমানদের জামাআ'ত থেকে বের হয়ে যাবে। ঐ খারেজী জামাআ'তকে দু'টি দলের মধ্যে সত্যের অধিক নিকটবর্তী দলের লোকেরা হত্যা করবে।[2] সেই খারেজী দল বের হলে নাহরাওয়ানের যুদ্ধে আলী তাদেরকে হত্যা করেন। সুতরাং সমস্ত আহলুস্ সুন্নাতের ঐক্যবদ্ধ মতে তিনিই হকের অধিক নিকটবর্তী।

## ফুটনোট

- [1] বুখারী, অধ্যায়ঃ কিতাবুল জিহাদ।
- [2] সহীহ মুসলিম, অধ্যায়ঃ কিতাব্য যাকাত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12031

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন